**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 28-08-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Assembly-Day 2:

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার তিনদিনব্যাপী দশম অধিবেশনের আজ দ্বিতীয় দিন। বেলা ১১টায় অধিবেশনের কাজ শুরু হবে। এদিকে, অধিবেশনের প্রথম দিনে গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা ত্রিপুরা ভূমি রাজস্ব ও ভূমি সংস্কার চতুর্দশ সংশোধনী বিল এবং মুক্ত বিদ্যালয় ও পরীক্ষা পর্ষদ বিল, ২০২৬ পেশ করেন। অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় পেশ করেন ত্রিপুরা রাজ্য পণ্য ও পরিষেবা কর দশম সংশোধনী বিল, ২০২৬।

প্রশ্নোত্তর পর্বে মুখ্যমন্ত্রী জানান, বর্তমানে রাজ্যে ৬ লক্ষ ৪৯ হাজার ৪৭০টি পরিবার পাইপলাইনের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল পাচ্ছে। প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহুরে প্রকল্পে গত তিন অর্থবছরে ১৭ হাজার ৬৭৪টি পরিবারকে গৃহ নির্মাণে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে বলেও জানান তিনি।

এছাড়া বন্দে ভারত এক্সপ্রেস সংক্রান্ত প্রশ্নের জবাব দেন পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী। অষ্টম বেতন কমিশন নিয়ে জনস্বার্থমূলক প্রশ্নের উত্তর দেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল রাজ্য বিধানসভা অধিবেশনে সম্প্রতি প্রয়াত রাজ্য পুলিশের ডিজি অনুরাগের মৃত্যু নিয়ে বিবৃতি দেন। মুখ্যমন্ত্রী জানান, পুলিশ এই অস্বাভাবিক মৃত্যুর ঘটনা নিয়ে তদন্ত করছে। তদন্তের জন্য প্রয়োজনীয় সব নমুনা সংগ্রহ করা হয়েছে। ডিজিপি-র মৃত্যুর

ঘটনা, দুর্ভাগ্যজনক বলে অভিহিত করে মুখ্যমন্ত্রী প্রয়াতের প্রতি তাঁর ও তাঁর পরিবার পরিজনদের প্রতি গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন।

***************************

**RAKSHA BANDHAN -GREETINGS :**

ভাই-বোনের ভালবাসার বিশেষ উদযাপন রাখিবন্ধন উৎসব আজ সারাদেশের সঙ্গে রাজ্যেও পালিত হচ্ছে। এই উপলক্ষে বোনেরা তাদের ভাইয়ের হাতে রাখি বেঁধে দেন এবং তাদের মঙ্গল কামনা করেন। ভাইয়েরাও বোনদের রক্ষা ও সমর্থনের প্রতিশ্রুতি দেন।

রাখিবন্ধন উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি বলেন, যে এই উৎসব প্রাচীনকাল থেকেই দেশের সংস্কৃতি ও ঐতিহ্যের এক অবিচ্ছেদ্য অংশ। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা রাখি বন্ধন উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তাঁর বার্তায় শ্রী বিড়লা বলেন, এটি ভাই-বোনের পারস্পরিক ভালোবাসা, স্নেহ এবং বিশ্বাসের উৎসব।

***************************

**PM-Khelo India:**

আধুনিক ক্রীড়া পরিমণ্ডল তৈরিতে সরকার সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ। ভিডিও কনফারেন্সের মাধ্যমে 'খেলো ইন্ডিয়া ডায়ালগ'-এ বক্তব্য রাখতে গিয়ে গতকাল তিনি একথা বলেন| 'জাতীয় ক্রীড়া দিবস ২০২৬' উদযাপনের অঙ্গ হিসেবে ‘মেরা যুব ভারত’ আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি আরও বলেন, ক্রীড়া বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র পর্যন্ত, সারাদেশে এমন একটি পরিমণ্ডল গড়ে তোলা হচ্ছে যেখানে প্রতিভাবানেরা প্রতিটি পর্যায়ে সহায়তা পান।

এদিকে, সারা দেশের সঙ্গে রাজ্যের প্রতিটি জেলার বিভিন্ন স্কুল ও কলেজে ছাত্রছাত্রীরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করে|

***************************

**VFJ-Defence Minister:**

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, দেশ প্রতিরক্ষা খাতে আত্মনির্ভরশীলতার দিকে এগিয়ে যাচ্ছে। গত এক দশকে প্রতিরক্ষা উৎপাদন চারগুণ বেড়ে প্রায় ১.৮ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে এবং রপ্তানি প্রায় ৩৯,000 কোটি টাকায় দাঁড়িয়েছে বলেও তিনি জানান ।মধ্যপ্রদেশের জবলপুর ভেহিকল ফ্যাক্টরিতে টি-সিরিজ যুদ্ধ ট্যাঙ্কের ওভারহলের জন্য ৪৭২ কোটি টাকার একটি ইউনিটের ভিত্তিপ্রস্তর স্থাপন করে গতকাল প্রতিরক্ষা মন্ত্রী এই কথা বলেন। শ্রী সিং বলেন, কেন্দ্রীয় সরকার ২০২৮-২৯ অর্থবছরের মধ্যে ৫0 হাজার কোটি টাকার প্রতিরক্ষা রপ্তানি অর্জনের লক্ষ্যমাত্রা নিয়েছে।

***************************

**ARDD Training-KAILASHAHAR:**

কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে গতকাল এক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। “প্রাণীদের জন্য বীমা, উদ্যোগমূলক উন্নয়ন এবং ঘাস চাষ ও উৎপাদন বৃদ্ধি" বিষয়ক এই কর্মসূচির উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। এখানে ঊনকোটি জেলার প্রাণীপালক ও প্রাণীসখি'রা অংশ নেন।

***************************

**Legal Services Camp-UNAKOTI:**

ঊনকোটি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে কৈলাশহরের হালাইছড়া চা-বাগান S/B স্কুল মাঠে গতকাল অনুষ্ঠিত হয়, মেগা আইনী পরিষেবা শিবির।

ঊনকোটির জেলা ও দায়রা বিচারপতি  পি. কুমার এই কর্মসূচির উদ্বোধন করেন। তিনি বলেন, →সবার জন্য ন্যায়" এই ভাবধারায় আইনসেবা কর্তৃপক্ষ কাজ করে। শিবির উপলক্ষে ষোলটি দপ্তর ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে স্টল খোলা হয়। নাগরিকরা এখান থেকে নানা সুবিধা গ্রহন করেন।

**************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে আগস্ট রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন৷ এটি হবে 'মন-কি-বাত'–এর ১৩৭তম পর্ব৷ প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' এ জানানোর আহ্বান জানিয়েছেন৷ my gov open forum –এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন৷ এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে৷ এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে৷ ফোন এবং মেসেজ পাঠানো যাবে আজ রাত ১১টা ৪৫ মিনিট পর্যন্ত|

**************************

**Girls Cricket:**

মেয়েদের সদর আন্তঃস্কুল ক্রিকেটে গতকাল তিনটি ম্যাচে জয় পেয়েছে আসাম রাইফেলস পাবলিক স্কুল, প্রণবানন্দ বিদ্যামন্দির এবং বড়দোয়ালি উচ্চ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়। নীপকো মাঠে আয়োজিত ম্যাচে বড়দোয়ালি স্কুল আট উইকেটে হারিয়েছে হোলি ক্রশ স্কুলকে। আমতলি স্কুল মাঠে আয়োজিত ম্যাচে আসাম রাইফেলস পাবলিক স্কুল ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরকে হারিয়েছে|

এছাড়া, তালতলা স্কুল মাঠে আয়োজিত ম্যাচে বিজয়কুমার স্কুলকে দশ উইকেটে হারিয়েছে প্রণবানন্দ বিদ্যামন্দির।

***************************

**Weather :**

আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে৷ গোমতি, ধলাই এবং উত্তর ত্রিপুরা জেলায় ভারী বৃষ্টির পাশাপাশি, রাজ্যের সবক'টি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আগরতলায় দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিলো ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টিপাত ১৩.৬ মিলিমিটার৷

***************************

***************************